42

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... DEC -1 2 1999 ...
পৃষ্ঠা ২ কলাম ৫

# ইউএসটিসি'র প্রশাসনিক ও একাডেমিক ভবনে তালা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ইউএসটিসি) বিরাজমান সমস্যা অবিলম্বে নিরসনের দাবিতে বিক্ষুব্ধ ছাত্ররা শনিবার থেকে প্রশাসনিক ও একাডেমিক ভবনে তালা লাগিয়ে দিয়েছে। সকাল ১১টায় একাডেমিক ও প্রশাসনিক ভবনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বের করে দিয়ে ছাত্ররা তালাবদ্ধ করে দেয়।

উল্লেখ্য, ইউএসটিসি মেডিক্যাল ফ্যাকাল্টির এক প্রবীণ শিক্ষকের অপসারণকে কেন্দ্র করে সৃষ্ট উত্তেজনার পরিস্থিতিতে গত দু'মাস ধরে ইউএসটিসিতে অচলাবস্থা বিরাজ করছে। ইউএসটিসি'র চলমান সঙ্কট নিরসনকল্পে অভিভাবক ফোরাম উদ্যোগ নিয়েছে। ফোরাম নেতৃবৃন্দ ইউএসটিসি'র প্রতিষ্ঠাতা জাতীয় অধ্যাপক ডাঃ নূরুল ইসলাম, সিন্ডিকেট সদস্য ও বিএমএ ইউএসটিসি শিক্ষক চিকিৎসক ঐক্য পরিষদের সাথে আলাপ আলোচনা শুরু করেছে।